Khan House Foundation

(A family effort to encourage students to education)

Village : Nalta, Post: Chakdha, Naria, Shariatpur, Bangladesh.

Mobile : 01818-052770, 01741-065639

email : khf101@yahoo.com, khanmorshed@yahoo.com, Website : www.khanhouse.org

Estd. 1998.

Reference : KHF/REG/2018 Date : September-01, 2018

প্রধান শিক্ষক/অধ্যক্ষ

.... বিদ্যালয়।

বিষয় ঃ চতুর্থ ও সপ্তম শ্রেণিতে বৃত্তি প্রদান প্রসঙ্গে।

সুধী,

খান হাউজ ফাউন্ডেশন ১৯৯৮ সাল থেকে আয়োজিত বৃত্তি পরীক্ষায় অংশগ্রহণকারী স্কুলসমূহের শিক্ষক-শিক্ষিকা, অভিভাবক, ছাত্র-ছাত্রী এবং সংশ্লিষ্ট সকলকে সহযোগিতার জন্য ফাউন্ডেশন কর্তৃপক্ষ আন্তরিক কৃতজ্ঞতা জানাচ্ছে। ফাউন্ডেশন এ বছরও ২০১৮ সালের একুশতম চতুর্থ এবং সপ্তম শ্রেণির বৃত্তি পরীক্ষার আয়োজন করেছে। ছাত্র-ছাত্রীদের প্রতিযোগিতামূলক পরীক্ষার মাধ্যমে এককালীন নগদ বৃত্তি হিসাবে চতুর্থ শ্রেণির জন্য খান হাউজ ফাউন্ডেশন বৃত্তি এবং সপ্তম শ্রেণির জন্য আনোয়ারুল হক বৃত্তি প্রদান করা হবে। বিদ্যালয়ের বার্ষিক পরীক্ষার পরে স্কুলের বাৎসরিক পাঠ্যসূচী অনুযায়ী উক্ত বৃত্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। পরীক্ষা অনুষ্ঠানের স্থান, তারিখ ও সময়সূচী প্রবেশপত্রের সাথে পাঠানো হবে। পরীক্ষায় অংশগ্রহণে আগ্রহী যেকোন স্কুল এতদসঙ্গে সংযুক্ত রেজিস্ট্রেশন ফরমের ফটোকপি অথবা আমাদের ওয়েবসাইট থেকে ডাউনলোড করে ছাত্র-ছাত্রীদের নামের তালিকা প্রেরণ করতে পারবে। ফাউন্ডেশন ও পরীক্ষা সংক্রান্ত অন্যান্য তথ্যও ওয়েবসাইট থেকে সংগ্রহ করা যাবে।

বৃত্তি সংক্রান্ত তথ্যাবলী নিম্নরূপ ঃ

১। বাংলা, ইংরেজী এবং গণিত প্রতিটি বিষয়ে ১০০ নম্বর করে মোট ৩০০ নম্বরের পরীক্ষা হবে। (যেকোন বিষয়ে ০৫ (পাঁচ) নম্বরের IQ/MCQ/সাধারণ জ্ঞানের প্রশ্ন থাকতে পারে)।

২। বৃত্তি বিবেচনার জন্য ছাত্র-ছাত্রীদের প্রত্যেক বিষয়ে ন্যূনতম পাশ নম্বর পেতে হবে।

৩। অনিবার্য কারণবশত: কোন বিষয় বা বিষয়সমূহের পরীক্ষা বাতিল করা হলে অবশিষ্ট বিষয় বা বিষয়সমূহের প্রাপ্ত গড় নম্বরের ভিত্তিতে বৃত্তি বিবেচনা করা হবে।

৪। প্রতি শ্রেণিতে ২টি করে গ্রুপ থাকবে। একটি নড়িয়া থানার আওতাধীন স্কুলসমূহ এবং অপরটি নড়িয়া থানার বাইরের সকল স্কুলসমূহ।

৫। প্রতি গ্রুপের অংশগ্রহণকারী ছাত্র-ছাত্রীদের মধ্য থেকে সর্বোচ্চ নম্বরপ্রাপ্ত ৩০ শতাংশ ছাত্র-ছাত্রীকে বৃত্তি প্রদান করা হবে (১০% 'এ' গ্রেড ও ২০% 'বি' গ্রেড)।

   (ক) ৪র্থ শ্রেণীর 'এ' গ্রেডের বৃত্তির পরিমাণ এককালীন ১৮০০/= টাকা এবং 'বি' গ্রেডের বৃত্তির পরিমাণ এককালীন ১৫০০/= টাকা।

   (খ) ৭ম শ্রেণীর 'এ' গ্রেডের বৃত্তির পরিমাণ এককালীন ২২০০/= টাকা এবং 'বি' গ্রেডের বৃত্তির পরিমাণ এককালীন ১৮০০/= টাকা।

৬। যে সকল স্কুল হতে নির্ধারিত কোটার ছাত্র/ছাত্রী পরীক্ষায় অংশগ্রহণ করে পূর্ণ কোটা বৃত্তিপ্রাপ্ত হবে, সেই সকল স্কুলের শিক্ষক/শিক্ষিকাদের এককালীন নগদ পুরস্কার হিসাবে প্রাথমিক বিদ্যালয়ের জন্য ২০০০/- (দুই হাজার) টাকা এবং মাধ্যমিক বিদ্যালয়ের জন্য ৪০০০/- (চার হাজার) টাকা করে প্রদান করা হবে।

৭। পরীক্ষায় অংশগ্রহণে আগ্রহী ছাত্র-ছাত্রীদের (নিয়মিত অধ্যয়নরত) নামের তালিকা অত্র চিঠির সাথে সংযুক্ত রেজিস্ট্রেশন ফরমে স্ব-স্ব বিদ্যালয়ের প্রধান শিক্ষকের মাধ্যমে সেপ্টেম্বর ৩০, ২০১৮ রবিবার এর মধ্যে অবশ্যই নিম্নবর্ণিত যেকোন একটি ঠিকানায় পৌঁছাতে হবে। খামের উপরে প্রেরক স্কুলের প্রধান শিক্ষকের নাম, পূর্ণ ঠিকানা এবং মোবাইল নম্বর অবশ্যই থাকতে হবে। (সংশ্লিষ্ট ছাত্র-ছাত্রীদের পরীক্ষায় অংশগ্রহণের নিশ্চয়তা বিধানের জন্য শিক্ষক-শিক্ষিকা ও অভিভাবকগণ সচেষ্ট থাকবেন)।

৮। কোন অবস্থাতেই অন্য স্কুলের ছাত্র-ছাত্রীদের নাম তালিকায় অন্তর্ভুক্ত করা যাবে না। যদি এর ব্যতিক্রম প্রমাণিত হয় তবে স্কুলের সকল ছাত্র-ছাত্রীদের পরীক্ষা এবং ফল বাতিল করে দেয়া হবে।

(অঃপৃঃদ্রঃ)

৯। রেজিস্ট্রেশন ফরমে প্রধান শিক্ষক এ মর্মে প্রত্যয়ন করিবেন যে, ফরমে উল্লেখিত ছাত্র-ছাত্রীগণ তাঁর স্কুলের ৪র্থ/৭ম শ্রেণীতে নিয়মিত অধ্যয়নরত। অন্য কোন স্কুল বা ক্লাসের ছাত্র-ছাত্রীদের নাম এখানে সন্নিবেশন করা হয় নাই।

১০। ৪র্থ শ্রেণীতে একই বিদ্যালয়ের সর্বাধিক ৪ (চার) জন এবং ৭ম শ্রেণীতে ৫ (পাঁচ) জন অংশগ্রহণ করতে পারবে। ***নড়িয়া ও নড়িয়ার বাইরের সকল বিদ্যালয়ের জন্যই এই নিয়ম প্রযোজ্য হইবে।***

১১। ফরম এর সাথে প্রত্যেক ছাত্র-ছাত্রীদের প্রধান শিক্ষক কর্তৃক সত্যায়িত সদ্য তোলা পাসপোর্ট সাইজ ০৩ (তিন) কপি রঙিন ছবি এবং জনপ্রতি ২০ (বিশ) টাকা ফি জমা দিতে হবে। সীল এবং স্বাক্ষরের কালি ভাল করে শুকিয়ে একটি এনভেলপে একত্রিত করে পাঠাতে হবে এবং স্টেপল পিন যেন ছবির উপর না পরে সেদিকে খেয়াল রাখতে হবে) পাসপোর্ট সাইজ ছাড়া ছবি গ্রহণযোগ্য নয়।

১২। নির্ধারিত কোটার অতিরিক্ত ছাত্র-ছাত্রীদের নামের তালিকা প্রেরণ করলে তালিকার সর্বনিম্নে অবস্থানরত অতিরিক্ত ছাত্র-ছাত্রীদের নাম বাতিল বলে গণ্য করা হবে।

১৩। রেজিস্ট্রেশন ফরমের সকল ছাত্র-ছাত্রী বা অভিভাবকদের মোবাইল নম্বর, প্রধান শিক্ষকের নাম ও মোবাইল নম্বরসহ প্রয়োজনীয় সকল তথ্য সঠিকভাবে পূরণ করতে হবে। অসম্পূর্ণ ফরম গ্রহণ করা হবে না। তথ্য ভুল প্রমাণিত হলে পরীক্ষা/পরীক্ষার ফল বাতিল করা হবে।

১৪। ***যে সকল স্কুল ডাকে বা কুরিয়ারের মাধ্যমে চিঠি প্রেরণ করবেন তারা চিঠির ভিতরে রেজিস্ট্রেশন ফি-এর টাকা পাঠাবেন না। এক্ষেত্রে নির্ধারিত টাকা ০১৭৪১০৬৫৬৩৯ নম্বর মোবাইলে ফ্লেক্সিলোড করে একই নাম্বারে টেলিফোন করে জেনে নিবেন টাকা জমা হয়েছে কিনা।***

১৫। খান হাউজ ফাউন্ডেশন কর্তৃপক্ষ প্রয়োজনবশত: যেকোন সময় কোন কারণ দর্শানো ব্যতিত বৃত্তি পরীক্ষার শর্তাবলী, নিয়ম-কানুন, পরীক্ষার তারিখ ও স্থান পরিবর্তন বা বাতিল করতে পারবে। বৃত্তি সংক্রান্ত সকল ব্যাপারে ফাউন্ডেশন কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

১৬। ডিসেম্বর ১৫ তারিখের মধ্যে প্রবেশপত্র না পেলে অনতিবিলম্বে ফাউন্ডেশন কর্তৃপক্ষের সাথে সরাসরি যোগাযোগ করতে হবে।

৭ম শ্রেণীর আনোয়ারুল হক বৃত্তি

পরিচিতি ঃ মরহুম জনাব আনোয়ারুল হক শরীয়তপুর জেলার নড়িয়া থানার সুরেশ্বর গ্রামে জন্মগ্রহণ করেন। তিনি প্রত্যন্ত শিক্ষানুরাগী ছিলেন। সুরেশ্বর উচ্চ বিদ্যালয়ের প্রতিষ্ঠালগ্ন হতে তিনি এর উন্নয়নের সাথে জড়িত ছিলেন। পাকিস্তান বিমান বাহিনীর চাকুরী হতে অবসর গ্রহণের পর তিনি উক্ত বিদ্যালয়ে শিক্ষকতা করেন। ১৯৭৭ ইং সালের ২৫ শে এপ্রিল তিনি পরলোক গমন করেন। তাঁর চার পুত্র এবং এক কন্যা দেশে ও বিদেশে বিভিন্ন ক্ষেত্রে সুপ্রতিষ্ঠিত হয়েছেন। তার দ্বিতীয় পুত্র ডাঃ জাহাঙ্গীর কবীর ঢাকার ইউনাইটেড হসপিটালে চীফ কার্ডিয়াক সার্জন ও ডিরেক্টর হিসাবে দেশব্যাপী সুনাম অর্জন করেছেন। জনাব আনোয়ারুল হকের সহধর্মিনী এবং পুত্রকন্যাদের আর্থিক আনুকূল্যে ৭ম শ্রেণীর "আনোয়ারুল হক বৃত্তি" প্রদানের ব্যবস্থা করা হয়েছে।

খান হাউজ ফাউন্ডেশন পরিচিতি ঃ

খান হাউজ ফাউন্ডেশন সম্পূর্ণ বেসরকারী, অরাজনৈতিক এবং অলাভজনক একটি প্রতিষ্ঠান যা এলাকার ছাত্র-ছাত্রীদের লেখাপড়ায় উৎসাহ দানে বিগত ১৯৯৮ ইং সাল থেকে কাজ করে যাচ্ছে। ফাউন্ডেশনের সদস্যগণই এর যাবতীয় খরচ বহন করে থাকেন। কিছু ব্যতিক্রম ছাড়া সদস্য ব্যতিত অন্য কারো কাছ থেকে কোন প্রকার অনুদান গ্রহণ করা হয় না। নিয়মিত কার্যক্রমের অংশ হিসেবে ৪র্থ ও ৭ম শ্রেণীর বৃত্তির ব্যবস্থা করা হয়ে থাকে।

যোগাযোগ ঃ

দিপক মেডিকেল হল, চাকধ বাজার,
ডাক ঃ চাকধ, থানা ঃ নড়িয়া
জেলা ঃ শরীয়তপুর
মোবাইল ঃ ০১৭১১-০৩৫৭৭৪।

গিয়াস উদ্দিন আহমেদ খান
ডরিক এলস্টোন (Doric Elston), ফ্লাট নং-ডি-৫
৫১, পশ্চিম মালিবাগ, ঢাকা
মোবাইল ঃ ০১৭৪১-০৬৫৬৩৯।

(শামসুদ্দীন আহমেদ খান)
সভাপতি
মোবাইল ঃ ০১৮১৮-০৫২৭৭০।
০১৭১৬-৪৪৫৫৯১।